# গোদাগাড়ী উপজেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ ও সময় ঃ ১৫ জানুয়ারি ২০২৪, বেলা- ১১.৪৫ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ' ও 'গ'-তে সন্নিবেশিত।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১.০০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.০০ ইউনিয়ন চোরাচালান প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ঃ

ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিতব্য ডিসেম্বর/২০২৩ মাসে ইউনিয়ন চোরাচালান প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে।

৩.০০ বিস্তারিত আলোচনা ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা | ১.১.সভাপতি সভায় বলেন, চোরাচালান প্রতিরোধকল্পে উপজেলা চোরাচালান সমন্বয় কমিটির নিয়মিত সভা করা খুব জরুরি। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,গোদাগাড়ী রাজশাহী কর্তৃক প্রতি মাসে এ সংক্রান্ত সভায় চোরাচালান সংক্রান্ত বিষয় এর বাস্তব চিত্র আলোচনা হয়। | ১.১.১.উপজেলা পর্যায়ে চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসক , রাজশাহী বরাবর প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।<br><br>২. উপজেলা নির্বাহী অফিসার,গোদাগাড়ী রাজশাহী। |
| ০২. | ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির কার্যক্রম পর্যালোচনা | ২.১. ইউনিয়ন পর্যায়ে, চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করা খুব গুরুত্বপূর্ণ। কেননা ইউনিয়ন পর্যায় থেকে কার্যকরভাবে চোরাচালান বন্ধের পদক্ষেপ গ্রহণ করা হলে চোরাচালান প্রতিরোধ ফলপ্রসূ হবে।প্রতিটি ইউনিয়নে যাতে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়, সে বিষয়ে সভাপতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং সেই সাথে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত চোরাচালান কমিটির সভার কার্যবিবররণীতে ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত সভার তথ্য উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | ২.১.১. ইউনিয়ন পর্যায়ে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা আয়োজন করতে হবে।<br><br>২.১.২.ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য উপজেলা কমিটির কার্যবিবররণীতে উল্লেখ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার,গোদাগাড়ী রাজশাহী।<br><br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল), গোদাগাড়ী রাজশাহী। |
| ০৩. | চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের অগ্রগতির আলোচনা | ৩.১. সভাপতির নির্দেশক্রমে বিভিন্ন দপ্তর কর্তৃক পরিচালিত চোরাচালান বিরোধী অভিযানের তথ্য উপস্থাপন করা হয়। বিবেচ্য ডিসেম্বর ২০২৩ মাসে বর্ডার গার্ড ব্যাটালিয়ন,গোদাগাড়ী, রাজশাহী এর নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, গোদাগাড়ী, বিদিরপুর,সাহেবনগর ও প্রেমতলী বিওপি এর অভিযানে বিভিন্ন মাদকদ্রব্য ধরা হয়েছে। | ৩.১.১.চোরাচালান প্রতিরোধে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থাকে আরো তৎপর থাকার অনুরোধ করা হয়।<br>৩.১.২.বিজিবি'র অভিযানের তুলনায় মামলা কম। চোরাচালান প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নিয়ে মামলা সংখ্যা বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়। | ১. বিজিবি ব্যাটালিয়ন, গোদাগাড়ী রাজশাহী।<br><br>২.অফিসার ইনচার্জ,,গোদাগাড়ী রাজশাহী।<br><br>৩.নৌ পুলিশ,গোদাগাড়ী, রাজশাহী। |
| ০৪. | বিবিধ আলোচনা | ৪.১.সভাপতির বক্তব্যে টাস্কফোর্সের অভিযানের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বিভিন্ন দপ্তরের সমন্বয়ে টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখার অনুরোধ করা হয়। চোরাচালান প্রতিরোধে সংশ্লিষ্ট বাহিনীকে অধিক তৎপর | ৪.১.১.চোরাচালান প্রতিরোধে কর্মপরিকল্পনা মোতাবেক টাস্ক ফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে | ১.সংশ্লিষ্ট সকল সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থেকে চোরাচালান প্রতিরোধে এগিয়ে আসা এবং জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালানো প্রয়োজন।<br><br>বিজিবি গোদাগাড়ী বিওপি এর কমান্ডার জানান, গত মাসে উল্লেখযোগ্য সংখ্যক মাদক আটক করা হয়েছে।এছাড়াও বিজিবি মাদক ও অন্যান্য চোরাচালান বন্ধে কাজ করে যাচ্ছে। | ৪.১.২.জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালাতে অনুরোধ করা হয়। | |

২১.০১.২৪
(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web: godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০৩.২৪- ৪৭ (১৩) তারিখ ঃ ০৭ মাঘ ১৪৩০ / ২১ জানুয়ারি ২০২৪

<u>সদয় জ্ঞাতার্থে ঃ</u>

০১। মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর)। মহোদয়ের অবগতির জন্য

০২। জেলা প্রশাসক, রাজশাহী

২১.০১.২৪
(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন নং-০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
মোবাইল নং-০১৭৬১-৪৯১২২১(অফিস)
ই-মেইল নং-unogodagari@mopa.gov.bd

- 156 -E:\ASIF New\Law Meeting\SMUGGLING.doc

চালান মামলার তথ্যাদি ডিসেম্বর (২০২৩) ঃ

বিজিবি ঃ কোম্পানী কমান্ডার, বিজিবি, গোদাগাড়ী, রাজশাহী ডিসেম্বর/২০২৩ মাসে আটককৃত মালামাল ও মামলার যে তথ্যাদি উপস্থাপন করেন তা নিম্নরূপ ঃ

| বিওপি'র নাম | আটককৃত মালামালের মূল্য(আনুমানিক) | মামলার সংখ্যা | আটককৃত মালামালের বিবরণ/ মন্তব্য |
|---|---|---|---|
| গোদাগাড়ী | ৩০,৬০,০০০/- (ত্রিশ লক্ষ ষাট হাজার টাকা মাত্র) | -- | ভারতীয় হেরোইন ১.৫৩০ কেজি |
| পোলাডাংগা | ৫৩,০৮,০০০/- (তেপান্ন লক্ষ আট হাজার টাকা মাত্র) | -- | ভারতীয় হেরোইন ২.৬৫৪ কেজি |
| ডি,এম,সি | ২১,০০,০০০/- (একুশ লক্ষ টাকা মাত্র) | -- | ভারতীয় হেরোইন ১.০৫ কেজি |
| খরচাকা | ২৯, ৬০০/- (দুই লক্ষ টাকা মাত্র) | -- | ভারতীয় ফেন্সিডিল ৭৪ বোতল |
| বিদিরপুর | ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা মাত্র) | -- | ভারতীয় হেরোইন ১০০ গ্রাম |
| সাহেবনগর | ৮,২৭,০০০/- (আট লক্ষ সাতাশ হাজার টাকা মাত্র) | -- | ভারতীয় হেরোইন ৪০০ গ্রাম, ভারতীয় জিডি মদ ১৮ বোতল |
| প্রেমতলী | ৯,২০০/- (নয় হাজার দুইশত টাকা মাত্র) | -- | ভারতীয় ফেন্সিডিল ২৩ বোতল |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | " |
| ০২. | কোম্পানী কমান্ডার, বিজিবি, গোদাগাড়ী ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৩. | কোম্পানী কমান্ডার, বিজিবি, বিদিরপুর ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৪. | কোম্পানী কমান্ডার, বিজিবি, খরচাকা ক্যাম্প, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৫. | চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৬. | চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৭. | চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৮. | চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৯. | চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১০. | অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী | |